

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস-এর কাছ থেকে একটি নিউজলেটার



শিক্ষার্থীদের খাদ্যাভ্যাসকে নতুন করে রূপায়ন

প্রিয় নিউ ইয়র্কবাসী,

আমি আপনাদের সন্তানদের শীতকালীন ছুটি থেকে ফিরে আসায় স্বাগত জানাতে খুবই রোমাঞ্চিত, এবং আমি আশা করি যে তারা তাদের সহপাঠী এবং শিক্ষকদের সাথে স্কুলে ফিরে আসতে পেরে ঠিক ততটাই রোমাঞ্চিত।

আমরা জানি যে আপনারা যখন আপনাদের সন্তানদের জন্য আমাদের উপর আস্থা রাখেন, তখন আপনারা আশা করেন যে, তারা শুধু একটি অসামান্য শিক্ষাই পাবে না, বরং প্রতিদিন সকালে ফ্রি নাস্তা এবং লাঞ্চসহ তাদের উন্নতিতে সাহায্য করতে পারে যেসব সার্বিক সহায়তা এবং পরিষেবা, সেগুলিও তাদের ঘিরে রাখবে।

আমাদের স্কুলগুলো শুধুমাত্র শেখার নয় বরং যত্ন এবং স্বাস্থ্যের জায়গা —এবং এর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো সুস্বাদু ও পুষ্টিকর খাবার। যখন আমাদের শিক্ষার্থীরা প্রতিদিন একটি পুষ্টিকর, স্বাস্থ্যকর এবং সাংস্কৃতিকভাবে প্রতিফলনকারী খাবার খায়, তখন তারা ক্লাসরুমে আরো ভালভাবে কাজ করে এবং ভবিষ্যতে তাদের স্বাস্থ্যসম্মত সিদ্ধান্ত নেওয়ার সম্ভাবনা বেশি থাকে।

আমি জানি আমাদের মধ্যে অনেকের মনে স্কুলের খাবার সম্পর্কে একটি ধারণা রয়েছে—কয়েক দশক আগে আমরা যখন স্কুলে ছিলাম, সেই তখন থেকেই। আজকাল আমাদের স্কুল ক্যাফেটেরিয়াগুলোতে আমরা তাজা সালাদ, স্থানীয়ভাবে উৎপাদিত ফলমূল, এবং খাদ্যতালিকায় বিভিন্ন ধরনের পুষ্টিকর খাবার পরিবেশন করি যা আমাদের শিক্ষার্থীদের সংস্কৃতির প্রতিফলন করে।

শিক্ষার্থীদের এসব খাবারের সুবিধা নিতে উৎসাহিত করতে আমরা ক্যাফেটেরিয়া উন্নতকরণ অভিযুক্ততার সম্প্রসারণ করছি—এবং আমাদের শিক্ষার্থীদের খাদ্যাভ্যাসকে নতুন রূপ দিচ্ছি। ৪০টিরও বেশি ক্যাফেটেরিয়াকে শিক্ষার্থীদের আহ্বারের জন্য উষ্ণ এবং আমন্ত্রণপূর্ণ স্থানে রূপান্তর করতে \$50 মিলিয়ন বিনিয়োগ দিয়ে এই সম্প্রসারণ শুরু হচ্ছে। আপনাদের সন্তানরা যা আশা করতে পারে তা এখানে রয়েছে:

- *শিক্ষার্থীরা পছন্দ করে:* বিভিন্নভাবে সকালের নাস্তা, লাঞ্চ, পুরো ফল, শাকসবজি, এবং সালাদ বার থেকে সদ্য-কাটা তাজা ফলমূল খাওয়া।
- *দ্রুত পরিষেবা:* শিক্ষার্থীদের খাবারের জন্য দীর্ঘ লাইনে অপেক্ষা করতে হবে না, সহপাঠীদের সাথে বিশ্রাম এবং বিনোদনের জন্য আরো সময় পাওয়া যাবে।
- *আধুনিক রীতি:* একটি উষ্ণ এবং আমন্ত্রণপূর্ণ পরিবেশ তৈরি করার উপর জোর দিয়ে নতুন করে ডিজাইন করা ক্যাফেটেরিয়াসমূহ।
- *নতুন আসবাবপত্র:* আরামদায়ক টেবিল এবং চেয়ার শিক্ষার্থীদের তাদের নতুন জায়গায় স্বাগত জানাবে।

এই বর্ধিতকরণের অংশ হিসেবে, আমরা সিটিজুড়ে স্কুলগুলোতে হালাল বিকল্প বেছে নেয়ার সুযোগ সম্প্রসারণ করব। এ পর্যন্ত, আমরা আমাদের রন্ধনশালাগুলোর 7৪টিকে হালাল খাবার পরিষেবার জন্য প্রত্যয়িত করেছি। এটি আমাদের ছেলেমেয়েদের খাবারের ন্যায্যপরতার অভিযুক্ততালাভের সুযোগ দেয়: পৃথক লাইন, পৃথক খাদ্য ছাড়া, এবং প্রতিটি শিক্ষার্থীর জন্য বিকল্প বাছাইয়ের সুযোগসহ।

আমাদের ফুড-সার্ভিস বা খাদ্য-পরিষেবা টিমগুলোর ক্লাস্তিহীন পরিশ্রম ছাড়া এর কিছুই সম্ভব হবে না। তারা হলেন সেইসব যত্নশীল প্রাপ্তবয়স্ক ব্যক্তি, যারা প্রতিদিন আপনাদের সন্তানদের সাথে মেলামেশা করেন এবং নিশ্চিত করেন যে, তারা তাদের স্কুল দিবস জুড়ে শক্তি জোগানর জন্য প্রয়োজনীয় পুষ্টিকর এবং সুস্বাদু খাবার পায়। তাদের নিবেদন এবং কঠোর পরিশ্রমের জন্য আমি কৃতজ্ঞ।

নতুন ডাইনিং স্পেস (খাওয়ার জায়গা) ছেলেমেয়েদের খাবার আগ্রহ বাড়াবে এবং তারা কিছু ভালো, সুস্বাদু খাবার এবং তাদের বন্ধুদের সাথে বিশ্রাম নেওয়ার সুযোগের অপেক্ষায় থাকবে বলে আমি প্রত্যাশা করছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবন্ধাইব](#) করুন।